

## অনুসন্ধান সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ

রেজিঃ নং-৭৭, তারিখঃ- ০৮/০৩/২০১২

গ্রাম :-কয়া , ডাকঘরঃ- কয়া,

উপজেলাঃ কুমারখালী, জেলাঃ কুষ্টিয়া।

### মডেল সমবায় সমিতি এর কার্যক্রম :

ভূমিকা :- ডিজিটাল বাংলাদেশ গড়ার উদ্দেশ্যে রূপকল্প -২০২১ বাস্তবায়নের লক্ষ্যে অনুসন্ধান সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ। ক্ষুদ্র ঋণ ও নার্সারী কার্যক্রম গ্রহন করার ফলে আর্থ সামাজিক উন্নয়নের মাধ্যমে আত্মনির্ভরশীল হওয়ার বিষয়ে এলাকা ভীষনভাবে সাড়া পড়েছে। সমগ্র কয়া, শিলাইদহ, নন্দলালপুর ইউনিয়ন ও কুমারখালী পৌরসভাব্যাপী অঞ্চলের বিভিন্ন পেশার মানুষের সমন্বয়ে শেয়ার ও সঞ্চয়ের মাধ্যমে একত্রিত করে তাদের ভাগ্য উন্নয়ন , সামাজিক উন্নয়ন, ক্ষুদ্র ঋণ কার্যক্রমের মাধ্যমে সামাজিক উন্নয়নের লক্ষ্যে জনাব মোঃ জাহাঙ্গীর আলম এর নেতৃত্বে বিগত ০৮/০৩/২০১২ খ্রিঃ তারিখে অত্র সমিতিটি নিবন্ধিত হয়। যার নিবন্ধন নং-৭৭। অনুসন্ধান সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ দীর্ঘদিন যাবৎ বিভিন্ন কল্যানমুখী কার্যক্রমে ক্ষুদ্র ঋণ প্রদান করে আসছেন। এছাড়াও সমবায় সমিতির মাধ্যমে সদস্যদের নিকট থেকে নিয়মিত সঞ্চয় আদায় করা হয় ও উক্ত অর্থ সদস্যদের মধ্যে সহজ শর্তে প্রদান করা হচ্ছে।

### অর্থনৈতিক অবস্থা / দৃশ্যমান অবদান :

০১। শেয়ার মূলধন ও খতিয়ান :- ৩০/০৬/২০২২ ইং তারিখ পর্যন্ত সমিতির সদস্যদের নিকট থেকে শেয়ার আদায়ের পরিমাণ ছিল ৪৯,০০০/- টাকা।

০২। সঞ্চয় আমানত সংক্রান্ত : ৩০/০৬/২০২২ ইং তারিখ পর্যন্ত সমিতির সদস্যদের নিকট থেকে সঞ্চয় আদায়ের পরিমাণ ছিল ১৬,৮৭,৩১০/- টাকা।

০৩। ঋণ কার্যক্রম সংক্রান্ত : ৩০/০৬/২০২১ ইং তারিখ পর্যন্ত সমিতির সদস্যদের নিকট থেকে ঋণ পাওয়ার পরিমাণ ছিল ১২,৬০,৮৫৮/- টাকা। আলোচ্য অডিট বর্ষে সমিতির নিজস্ব তহবিল হতে বা অন্যান্য তহবিল হতে সদস্যদের মধ্যে ঋণ বিতরণ করা হয় ২৬,০১,০০০/-টাকা ও অত্র খাতে

পরবর্তীতে ২০,৫১,৫২১/-টাকা আদায় হয়। ফলে ৩০/০৬/২২ ইং তারিখে মোট পাওনা ঋণের পরিমাণ দাঁড়ায় ১৮,১০,৩৩৭/-টাকা।

#### ০৪। বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম :-

উন্নয়ন কর্মকাণ্ডের ধরন ও প্রকৃতি :- ঋণ কার্যক্রম ভিত্তিক সমিতি হিসাবে অনুসন্ধান সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতিটি ঋণ কার্যক্রমের মাধ্যমে ব্যাপক উন্নয়ন সাধন করেছে। সমিতির আর্থ - সামাজিক উন্নয়নের জন্য নিজস্ব তহবিল থেকে সদস্যদের মধ্যে ক্ষুদ্র ব্যবসা, গাভী পালন, মাছ চাষ সহ অন্যান্য খাতে উন্নয়নমূলক ঋণদান কর্মসূচি চালু করা হয়েছে। পাশাপাশি সমিতির মাধ্যমে নার্সারী কার্যক্রম চলমান আছে।

০৫। সেবামূলক উন্নয়ন কার্যক্রমের সেবার ধরন ও প্রকৃতি :- অত্র সমিতির সদস্যগণ ও সমিতি কর্তৃপক্ষ বিভিন্ন কল্যাণমূলক কাজ করে থাকে যেমনঃ, অনুদান, গরীব ও মেধাবি ছাত্র-ছাত্রীদের পরীক্ষার ফি প্রদান, কন্যা সন্তান বিবাহ অনুদান, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান, মেধাবি ছাত্র-ছাত্রীদের শিক্ষা বৃত্তি ও বয়স্ক ভাতা প্রদান এবং বিভিন্ন সহযোগিতাসহ এ ব্যাপারে উৎসাহিত এবং প্রয়োজনে আর্থিক সাহায্য প্রদান করে থাকে।

বাণিজ্যিক উন্নয়ন কর্মকাণ্ডের ধরন ও প্রকৃতি : সদস্যদের মৎস্য চাষে প্রশিক্ষণ দিয়ে উন্নতমানে মাছের পোনা প্রদান এবং মাছ বিক্রয় করে লাভবান হচ্ছেন। তাছাড়া সমবায় সমিতির মাধ্যমে নার্সারী করে বনায়ন কাজে বিশেষ ভূমিকা রাখছে।

আধুনিক উদ্ভাবনী প্রযুক্তি ব্যবহার :- বর্তমানে তেমন কোন উদ্ভাবনী কাজের সাথে সমিতি জড়িত না থাকলেও সমিতি কর্তৃপক্ষ ডিজিটাল প্রযুক্তি, স্মার্ট ফোন, কম্পিউটার, ফেইজবুক ব্যবহার করছে।

#### কর্মসংস্থান সংক্রান্ত :

০১। ক্ষুদ্র ঋণ কর্মসূচী : বেতনভুক্ত কর্মকর্তা/কর্মচারি-০৩ জন, খন্ডকালীন ০১ জন ও স্বকর্ম সংস্থান-৫০ জন।

কর্মসংস্থানের লক্ষ্যে গৃহীত পদক্ষেপ :- অত্র সমিতি কর্মসংস্থানের লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি প্রদান আধুনিক যন্ত্রপাতি ব্যবহার ও দক্ষতা অর্জনের জন্য ব্যবস্থা করেছে।

দেশ ও জাতির জন্য কল্যাণকর ও জনহিতকর কাজ :- অত্র সমিতি সকল কার্যক্রম দেশ ও জাতির কল্যাণের লক্ষ্যে পরিচালিত হচ্ছে। এখানে ব্যক্তির স্বার্থের পরিবর্তে সমষ্টিগত স্বার্থকে

প্রাধান্য দেওয়া হয় এবং সদস্যগণের আর্থ - সামাজিক উন্নয়নের সাথে সাথে জাতীয় উন্নয়নে সমবায় কর্মকাণ্ডকে এগিয়ে নেওয়া হচ্ছে। বিভিন্ন উন্নতমানের গাছের চারা বিতরণের মাধ্যমে এলাকার জনগণের মধ্যে ব্যাপক সাড়া পড়েছে। এছাড়া অত্র এলাকার জনগণের মধ্যে বিবাহ অনুদান, শিক্ষা অনুদান ও চিকিৎসা অনুদান প্রদান করে কুমারখালী উপজেলার মধ্যে অত্র সমিতি অগ্রণী ভূমিকা পালন করেছে।

সমবায় আন্দোলনকে বেগবান ও গতিশীল সংক্রান্ত কাজ :- অত্র সমবায় সমিতি এলাকা বাসীদের সমবায় বিষয়ে অবগত করে থাকে। জাতীয় এবং আন্তর্জাতিক সমবায় দিবস উৎযাপন করে সমবায় আন্দোলনকে বেগবান ও গতিশীল করার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করেছে।

প্রচার ও প্রকাশনার পরিমাণ :- সমিতি তার গ্রহীত বিভিন্ন কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে জাতীয় পত্রিকায় প্রকাশ করতঃ জনগণের মধ্যে প্রচারের ব্যবস্থা করে। এলাকার বিভিন্ন গুরুত্ব পূর্ণ স্থানে সমিতির কর্মকাণ্ড সংক্রান্ত পোস্টার বা লিখন টাংগানো হয়। এছাড়া প্রতি বৎসর অত্যন্ত জাঁক-জমকপূর্ণভাবে সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়ে থাকে।

সামাজিক কার্যক্রমে অবদান :- সমিতির পক্ষ থেকে বয়স্ক শিক্ষা কার্যক্রম পরিচালিত করে সমাজকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করার প্রয়াশ চালাচ্ছে। এছাড়া সমিতির পক্ষ থেকে ছাত্র/ছাত্রীদের মধ্যে শিক্ষা বৃত্তি, বিবাহ অনুদান, চিকিৎসা অনুদান গরীব পরিবারের মধ্যে আর্থিক অনুদান প্রদান, বাল্য বিবাহ রোধ ও মাদকদ্রব্য সেবনে নিরংসাহিতকরণ পরিচালনা করে কুমারখালী উপজেলার মধ্যে অগ্রণী ভূমিকা পালন করে আসছে।



(মো: সাঈদ হাসান)

উপজেলা সমবায় অফিসার

কুমারখালী, কুষ্টিয়া